33

দৈনিক ইত্তেফাক

তারিখ 12 FEB 1996

পৃষ্ঠা 7 কলাম 6

# জগন্নাথ হলের ১৬ জন ছাত্রের আটকাদেশের বৈধতা চ্যালেঞ্জ

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ গতকাল (রবিবার) সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ঢাকা বিশ্ববিদ্যা-

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## জগন্নাথ হলের

( ১ম পৃঃ পর )

লয়ের জগন্নাথ হলের ছাত্র ফোটিষ চন্দ্র সূত্রধর ও প্রিয়তম চাকমাসহ ১৬ জন ছাত্রের আটকাদেশ কেন অবৈধ এবং আইনগত ক্ষমতা বহির্ভূত বলিয়া ঘোষণা করা হইবে না একদিনের মধ্যে ইহার কারণ দর্শাইবার জন্য সরকারের প্রতি রুল জারি করিয়াছেন। সরকার গত ৩রা ফেব্রুয়ারী বিশেষ ক্ষমতা আইনের অধীনে তাহাদের ত্রিশ-দিনের জন্য আটকাদেশ প্রদান করেন। তাহারা উক্ত আটকাদেশের বৈধতা চ্যালেঞ্জ করিয়া হেবিয়াস কর্পাস পিটিশন পেশ করেন।

আবেদনকারীদের পক্ষে আইনজীবীর বক্তব্য শুনানিশেষে বিচারপতি বিমলেন্দু বিকাশ রায় চৌধুরী ও বিচারপতি মোহাম্মদ আবদুল মান্নান সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ উক্ত রুল জারি করেন। বিচারপতিদ্বয় আজ সোমবার শুনানির দিন ধার্য করিয়াছেন।

আবেদনকারীদের পক্ষে ছিলেন ডঃ কামাল হোসেন, ব্যারিষ্টার আমীরুল ইসলাম, জহিরুল ইসলাম, ব্যারিষ্টার সারা হোসেন, নিজামুল হক নাসিম, পিসি গুহ প্রমুখ।